

## **■** কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০ : ১৯

## 💵 আরবি মূল আয়াত:

## وَ جَآءَت سَكرَةُ المَوتِ بِالحَقِّ ١٤ ذَٰلِكَ مَا كُنتَ مِنهُ تَحِيدُ ﴿١٩﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর মৃত্যুর যন্ত্রণা যথাযথই আসবে। যা থেকে তুমি পলায়ন করতে চাইতে। — আল-বায়ান
মৃত্যুর যন্ত্রণা প্রকৃতই আসবে যাখেকে অব্যাহতি পাওয়ার জন্য তুমি চেষ্টা করতে। — তাইসিরুল
মৃত্যুযন্ত্রণা অবশ্যই আসবে। এটা হতেই তোমরা অব্যাহিত চেয়ে আসছ। — মুজিবুর রহমান

And the intoxication of death will bring the truth; that is what you were trying to avoid. — Sahih International

- ১৯. আর মৃত্যু যন্ত্রণা নিয়ে এসেছে (সে) সত্যই(১); এটা (তা-ই) যা থেকে তুমি পালাতে চাচ্ছিলে।
  - (১) ওফাতের সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম-এর মধ্যে এই অবস্থা দেখা দিলে তিনি হাত ভিজিয়ে মুখমণ্ডলে মালিশ করেছিলেন এবং বলেছিলেনঃ إِنَّ لِلْمَوْتِ سَكَرَاتِ ফিআল্লাহ ছাড়া কোন হক ইলাহ নেই, মৃত্যু যন্ত্রণা বড় সাংঘাতিক। [বুখারী: ৪০৯৪, ৭১৭৫] এখানে সে সত্য বলে আখেরাতের কথা বুঝানো হয়েছে। যে সত্যকে তারা অস্বীকার করত। [জালালাইন|

তাফসীরে জাকারিয়া

- (১৯) মৃত্যুযন্ত্রণা সত্যই আসবে; [1] এ তো তাই, যা হতে তুমি অব্যাহতি চেয়ে আসছ। [2]
  - [1] এর দ্বিতীয় অর্থ হল, মৃত্যু-যন্ত্রণা সত্য নিয়ে আসবে। অর্থাৎ, মৃত্যুর সময় সত্য স্পষ্ট এবং সেই সকল প্রতিশ্রুতির সত্যতা প্রকাশ হয়ে যায়, যা কিয়ামত এবং জান্নাত ও জাহান্নামের ব্যাপারে নবীগণ দিয়ে গেছেন।
  - [2] تَمِيْلُ عَنْهُ وَتَفِرُّ [2] पूर्ति এই মৃত্যুকে এড়াতে চাইতে এবং তা থেকে পলায়ন করতে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4649

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন